সমীপে তারিখ ৮.৮.২০১৫
বার্তা সম্পাদক
সংবাদ প্রকাশ ও প্রচারার্থে

দৈনিক/ সাপ্তাহিক/চ্যানেল আই/এনটিভি/এটিএন বাংলা/আরটিভি/বাংলাভিশন//একুশে টিভি/ বৈশাখী/৭১/ মোহনা/ মাছরাঙা টিভি/দেশটিভি/ বাসস/ ইউএনবি/ বিবিসি/বিডি নিউজ/ সময়/ যমুনা।

বিষয়: ব্লগার, গবেষক ও গণজাগরণ মঞ্চের সক্রিয় কর্মী নীলাদ্রি চট্টোপাধ্যায়কে (নিলয়) কুপিয়ে হত্যা করার ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদের গভীর শোক এবং তীব্র ক্ষোভ, নিন্দা ও উদ্বেগ প্রকাশ করে বিবৃতি।

আমরা অত্যন্ত ক্ষোভ ও গভীর উদ্বেগের সাথে জানতে পারলাম যে, দিনে দুপুরে নিজ বাসায় ঢুকে অত্যন্ত পরিকল্পিতভাবে স্ত্রীকে পিস্তলের মুখে ঘরে আটকিয়ে ব্লোগার ও গণজাগরণ মঞ্চের সক্রিয় কর্মী নীলাদ্রি চট্টোপাধ্যায়কে অত্যন্ত নৃশংসভাবে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করা হয়। নীলাদ্রি চট্টোপাধ্যায়ের এই নির্মম, নৃশংস ও বর্বরোচিত হত্যাকান্ডের ঘটনায় আমরা গভীরভাবে শোক প্রকাশ করছি এবং তীব্র নিন্দা, ক্ষোভ ও গভীর উদ্বেগ প্রকাশ করছি।
বাংলাদেশের নারী আন্দোলন গত ৪৪ বছর যাবত হত্যা, খুন, ধর্ষণ সহ ৭১ এর যুদ্ধপরাধী মানবতাবিরোধীদের বিচারের দাবি জানিয়ে আসছে এবং অপরাজনীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আসছে।
আমরা মনে করি নীলাদ্রি চট্টোপাধ্যায়ের খুনের ঘটনা অত্যন্ত সুপরিকল্পিত কারণ ঠিক একইভাবে চলতি বছরের সাত মাসে চারজন তরুণ প্রতিভাবান লেখক ও ব্লগারকে কুপিয়ে খুন করা হয়। প্রথাবিরোধী লেখক হুমায়ুন আজাদ, ১৫ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে রাজীব হায়দার, ২৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে, ড. অভিজিৎ রায়, ৩০ মার্চ ২০১৫ তারিখে ওয়াশিকুর রহমানের উপর যেভাবে হামলা করা হয়েছিল ঠিক একই কায়দায় এবার নিজ ঘরে ঢুকে একইভাবে হামলায় নৃশংসভাবে নিহত হয়েছেন ব্লগার, লেখক, নীলাদ্রি চট্টোপাধ্যায় ।
আমরা অত্যন্ত বিস্মিত, উদ্বিগ্ন এজন্য যে, পূর্বের ঘটনাগুলির বিচার প্রক্রিয়া দ্রুত ও যথাযথভাবে না চলায় একই ধরণের ভয়াবহ ঘটনার পুনরাবৃত্তি চলছে। এ ধরণের পাশবিক, বর্বর, ভয়াবহ ঘটনা কোন সুস্থ, স্থীতিশীল গনতান্ত্রিক সভ্য সমাজের পরিচায়ক হতে পারে না ।
বাংলাদেশ মহিলা পরিষদ অবিলম্বে এ ঘটনার সাথে জড়িতদের দ্রুত, সুষ্ঠু তদন্ত সাপেক্ষে অপরাধীদের বিচারের আওতায় এনে উপযুক্ত শাস্তির দাবী জানাচ্ছে এবং এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে ইতোপূর্বে ধৃত অভিযুক্তদের স্বীকারোক্তিমূলক তথ্যকে পর্যালোচনা করে এর মূল উৎস খুঁজে বের করার উপর গুরুত্ব আরোপ করছে, একইসাথে পুলিশ প্রশাসনের জবাবদিহিতা নিশ্চিত করার জোর দাবী জানাচ্ছে। পাশাপশি দেশবাসী ও বিবেকবান নাগরিক সচেতন সমাজকে এই ধরণের ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ প্রতিরোধ গড়ে তোলার আহবান জানাচ্ছে।
বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম
সভাপতি
কেন্দ্রীয় কমিটি
বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু
সাধারণ সম্পাদক
কেন্দ্রীয় কমিটি
বাংলাদেশ মহিলা পরিষদ